## রাজশাহী জেলার জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত অনিষ্পন্ন চোরাচালান মামলাসমূহের নিষ্পত্তি ত্বরান্বিত করার লক্ষ্যে গঠিত মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : শামীম আহমেদ
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

সভার তারিখ : ১৪ জানুয়ারি ২০২৪ খ্রি.

সময় : দুপুর ১২.৩০ ঘটিকা.

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'গ'

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়িকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ বর্তমান সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**অনিষ্পন্ন চোরাচালান মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ**

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | জেনারেল ফাইলে অনিষ্পন্ন চোরাচালান মামলার অগ্রগতি পর্যালোচনা | ১.১ সভাপতির অনুমতিক্রমে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য উপস্থাপন করা হয়। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, ডিসেম্বর ২০২৩ মাসে দায়েরকৃত চোরাচালান মামলার বিবরণী (জেনারেল ফাইল পরিশিষ্ট-'ক') মোতাবেক রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহীর জেনারেল ফাইলে মোট মামলার সংখ্যা ০৪টি। ০২টি মামলায় চার্জশিট রিপোর্ট দাখিল হয়েছে । ০১টি মামলা ১২০ দিনের উর্ধ্বে পেন্ডিং রয়েছে। | ১.১ রাজশাহী মেট্রোপলিটন পুলিশের তদন্তাধীন ০২টি মামলা তদন্তপূর্বক দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. উপ-পুলিশ কমিশনার (সদর), রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী<br>২. পুলিশ সুপার, নগর বিশেষ শাখা, রাজশাহী<br>৩. জি আর ও, সিএমএম আদালত রাজশাহী |
| ২. | জেনারেল ফাইলে অনিষ্পন্ন চোরাচালান মামলার অগ্রগতি পর্যালোচনা | ২.১. অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেলা পুলিশ, রাজশাহী কর্তৃক প্রেরিত তথ্য উপস্থাপন করা হয়। উপস্থাপিত তথ্য দৃষ্টে প্রতীয়মান হয় যে, ডিসেম্বর ২০২৩ মাসে (জেনারেল ফাইল পরিশিষ্ট-'ক') জেলা পুলিশের জেনারেল ফাইলে কোন মামলা পেন্ডিং নাই। | ২.১.১. জেনারেল ফাইলে জেলা পুলিশের তদন্তাধীন কোন মামলা পেন্ডিং না থাকায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | ১. পুলিশ সুপার, রাজশাহী<br>২. জি আর ও, জজ কোর্ট, রাজশাহী |
| ৩. | চোরাচালান মামলার (বিচার নথি) অগ্রগতি পর্যালোচনা | ৩.১. সভাপতির অনুমতিক্রমে বিচার ফাইলের মামলার বিবরণী (বিচার ফাইল পরিশিষ্ট-'খ') পর্যালোচনায় দেখা যায় যে, ডিসেম্বর ২০২৩ মাসে জেলা ও মহানগরীর দায়রা জজ আদালতগুলোতে বিচারাধীন মোট মামলার সংখ্যা ৫৬৭১টি। তন্মধ্যে বিজ্ঞ মহানগর দায়রা জজ আদালত, রাজশাহীতে মোট বিচারাধীন মামলার সংখ্যা ২৮২০টি। বিবেচ্য মাসে মামলা নিষ্পত্তি নেই। বিচারাধীন মামলার সংখ্যা রয়েছে ২৮২০টি। বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালতের মোট ২৮৫১টি মামলার মধ্যে কোন মামলা নিষ্পত্তি নেই। মাস শেষে বিচারাধীন মামলার সংখ্যা রয়েছে ২৮৫১টি। সুতরাং পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জেলা ও মহানগরীর দায়রা জজ আদালতগুলোতে তদন্তাধীন মোট মামলার সংখ্যা ৫৬৭১টি। সভাপতি বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তিতে অগ্রণী ভূমিকা রাখাসহ প্রতিটি সভায় উপস্থিত থাকার জন্য বিজ্ঞ পি.পি ও বিশেষ পিপি, চোরাচালান নিরোধ বিশেষ ট্রাইব্যুনাল, রাজশাহীকে অনুরোধ জানান। | ৩.১.১. চোরাচালান সংক্রান্ত মামলাসমূহ দক্ষতার সাথে রাষ্ট্র পক্ষে পরিচালনা করা ও নিষ্পত্তির বিষয়ে তৎপর থাকতে অনুরোধ করা হয়।<br>৩.১.২. প্রতিটি সভায় উপস্থিত থাকাসহ মামলা নিষ্পত্তির হার বৃদ্ধিতে আরো আন্তরিক হওয়ার জন্য বিজ্ঞ পিপি এবং বিশেষ পিপিকে অনুরোধ জানানো হয়।<br>৩.১.৩. সাক্ষ্য প্রমাণ সঠিকভাবে উপস্থাপন করা এবং কোন সাক্ষী যেন সাক্ষ্য প্রদান ছাড়া ফেরত না যায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ | ১. জেলা পুলিশ ও মহানগর পুলিশ, রাজশাহী<br>২. বিজ্ঞ পিপি/ বিশেষ পিপি, চোরাচালান নিরোধ সংক্রান্ত ট্রাইব্যুনাল, রাজশাহী<br>৩. জি.আর.ও সি.এম.এম/জজ কোর্ট, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তদন্তাধীন মামলাসমূহ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন সংশ্লিষ্ট আদালতে প্রেরণসহ মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। তাছাড়া সাক্ষ্য প্রমাণ সঠিকভাবে উপস্থাপন করাসহ কোন সাক্ষী যেন সাক্ষ্য প্রদান ছাড়া ফেরত না যায় সে বিষয়ে পুলিশ বিভাগসহ কমিটি সংশ্লিষ্ট অন্যান্য সদস্যদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্যও অনুরোধ জানানো হয়। | গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। | |
| ৪. | বিবিধ আলোচনা | ৪.১. সভায় সভাপতি বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক আটককৃত দ্রব্যাদি আইনানুগ পদ্ধতিতে সংরক্ষণ করে বিজ্ঞ আদালতে উপস্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান।<br><br>৪.২. তিনি মামলার চার্জশিট, এজাহার ও জব্দ তালিকা সঠিকভাবে প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন।<br><br>৪.৩ বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক আলামত উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ পি.পি ও বিশেষ পি.পি, চোরাচালান নিরোধ বিশেষ ট্রাইব্যুনাল, রাজশাহীকে চোরাচালান প্রতিরোধে সংশ্লিষ্ট সকল সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করার জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়াও সভাপতি কোন রায় রাষ্ট্রের বিপক্ষে গেলে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ৪১৭ ও ৪১৭(এ) ধারা মোতাবেক আপিল দায়ের করার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে বিজ্ঞ পি.পি. ও বিশেষ পি.পি. কে অনুরোধ জানান। | ৪.১.১. মামলার চার্জশিট, এজাহার ও জব্দ তালিকা সঠিকভাবে প্রস্তুত করার জন্য অনুরোধ করা হয়।<br>৪.২.১ বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক আটককৃত দ্রব্যাদি আইনানুগ পদ্ধতিতে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হয়।<br>৪.৩.১. বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক আলামত উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ পি.পি ও বিশেষ পি.পি, চোরাচালান প্রতিরোধ বিশেষ ট্রাইব্যুনাল, রাজশাহীকে আইন প্রয়োগকারী বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করার জন্য অনুরোধ করা হয়।<br>৪.৩.২ কোন রায় রাষ্ট্রের বিপক্ষে গেলে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ৪১৭ ও ৪১৭(এ) ধারা মোতাবেক আপিল দায়ের করার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে বিজ্ঞ পি.পি. ও বিশেষ পি.পি. কে অনুরোধ করা হয়। | ১. চোরাচালান প্রতিরোধে নিয়োজিত সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তর, রাজশাহী<br><br>২. বিজ্ঞ পি.পি, রাজশাহী<br><br>৩. বিজ্ঞ বিশেষ পি.পি, চোরাচালান নিরোধ বিশেষ ট্রাইব্যুনাল রাজশাহী |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং একযোগে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০১/২০২৪

শামীম আহমেদ
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী
ফোন নং-০৭২১-৭৭২০৫০ (অফিস)
e-mail: dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৭.০৪.০১২.২৩- ৭৫

তারিখ: ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে /জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৫. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৬. অধিনায়ক, ১ বর্ডারগার্ড ব্যাটালিয়ন, রাজশাহী
৭. অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী
৮. পুলিশ সুপার, রাজশাহী
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
১০.সহকারী কমিশনার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী
১১. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী

১২.----------------------------------------------------------------------
১৩. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(তাকে কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

২৩/০১/২০২৪
জেলা ম্যাজিস্ট্রেট
রাজশাহী

## পরিশিষ্ট -'ক'

**রাজশাহী জেলার ০১.১২.২০২৩ খ্রি. তারিখ হতে ৩১.১২.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত চোরাচালান মামলার বিবরণীঃ**
**(জেনারেল ফাইল):**

| সংস্থার নাম | গত মাসের জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সি.এস. (চার্জশিট) | এফ.আর. (ফাইনাল রিপোর্ট) | মোট | ১২০ দিনের উর্ধ্বে পেন্ডিং | মোট |
| ক) আরএমপি | ০৩ | ০১ | ০৪ | ০২ | ০০ | ০২ | ০১ | ০২ |
| খ) জেলা পুলিশ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| মোট = | ০৩ | ০১ | ০৪ | ০২ | ০০ | ০২ | ০১ | ০২ |

## পরিশিষ্ট – 'খ'

**রাজশাহী জেলার ০১.১২.২০২৩ খ্রি. তারিখ হতে ৩১.১২.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত আদালতে চোরাচালান সংক্রান্ত মামলার বিবরণীঃ**
**(বিচার ফাইল)**

| সংস্থার নাম | গত পক্ষের জের | বিবেচ্য পক্ষে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য পক্ষে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | পেন্ডিং মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সাজা প্রাপ্ত মামলার সংখ্যা | খালাস প্রাপ্ত মামলার সংখ্যা | মোট | | |
| রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী | ২৮২০ | ০০ | ২৮২০ | ০০ | ০০ | ০০ | ২৮২০ | - |
| জেলা পুলিশ, রাজশাহী | ২৮৫১ | ০০ | ২৮৫১ | ০৬ | ০০ | ০০ | ২৮৫১ | - |
| মোট | ৫৬৭১ | ০০ | ৫৬৭১ | ০০ | ০০ | ০০ | ৫৬৭১ | - |

**(পরিশিষ্ট-গ)**

**১৪ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা চোরাচালান মামলা মনিটরিং কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:**

| ক্রমিক নং | কর্মরত কার্যালয়ের নাম ও ঠিকানা | কর্মকর্তার নাম ও মোবাইল নম্বর | প্রযোজ্য ক্ষেত্রে প্রতিনিধির নাম, পদবি ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জেলা ম্যাজিস্ট্রেট রাজশাহী (সভাপতি) | জনাব শামীম আহমেদ ০১৭১৩২০০৫৬৯ | | স্বাক্ষরিত |
| ২. | পুলিশ সুপার, রাজশাহী | প্রতিনিধি | ০১৩২০-১২২৫০২ | স্বাক্ষরিত |
| ৩. | অধিনায়ক, র‌্যাব-৫, রাজশাহী | মেজর হাসান মাহমুদ | ০১৭৭৭-৭১০৫০১ | স্বাক্ষরিত |
| ৪. | উপ-অধিনায়ক, ১ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, রাজশাহী এর প্রতিনিধি | মেজর সৈয়দ ইসতিয়াক মুর্শেদ, পিএসসি | | স্বাক্ষরিত |
| ৫. | উপ-পুলিশ কমিশনার (সদর), আরএমপি, রাজশাহীর প্রতিনিধি | সাবিনা ইয়াসমিন | অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার | স্বাক্ষরিত |
| ৬. | উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী | মো: আলমগীর হোসেন | ০১৪০৪-০৭২৪০৩ | স্বাক্ষরিত |
| ৭. | সহকারী কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, রাজশাহী'র প্রতিনিধি | মো: নুরুল ইসলাম | রাজস্ব কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ৮. | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী এর প্রতিনিধি | মোসা: আসরাফুন্নেসা | | স্বাক্ষরিত |
| ৯. | যুগ্ম পরিচালক, এনএসআই, রাজশাহী | | ০১৮১৯-৭৫০১০৬ | স্বাক্ষরিত |
| ১০. | যুগ্ম পরিচালক, এনএসআই, রাজশাহী মহানগর | মো: রুবেল আলম | | স্বাক্ষরিত |
| ১১. | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী | সাবিহা সুলতানা | | স্বাক্ষরিত |

**(পরিশিষ্ট-ঘ)**

**১৪ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা চোরাচালান মামলা মনিটরিং কমিটির সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:**

| | | |
|---|---|---|
| ১. | বিজ্ঞ পিপি, রাজশাহী জেলা | অনুপস্থিত |
| ২. | বিজ্ঞ বিশেষ পিপি, রাজশাহী | অনুপস্থিত |
| ৩. | বিজ্ঞ পিপি, রাজশাহী মহানগর | অনুপস্থিত |